

প্রোফাইল



জনাব মোঃ আনোয়ারুল ইসলাম ১৯৬৮ সালের ৫ আগস্ট সিরাজগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৩ সালে কাজিপুর উপজেলার চালিতাডাঙ্গা বি.বি.এন. উচ্চ বিদ্যালয় থেকে স্টার মার্কসহ প্রথম বিভাগে এস.এস.সি. পরীক্ষায় এবং ১৯৮৫ সালে ঢাকা কলেজ থেকে স্টার মার্কসহ প্রথম বিভাগে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হন। পরবর্তীতে তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে তড়িৎ ও ইলেকট্রনিক কৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সিভিল সার্ভিস কলেজ থেকে গভর্নেন্স এন্ড পাবলিক পলিসি বিষয়ে এম.পি.এ. ডিগ্রী অর্জন করেন।

তিনি ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি: (ডেসকো) এর কার্যক্রমের শুরু থেকে ২০০১ সালের ২৭ মে পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানের সিস্টেম অপারেশনের একজন প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০ তম বি.সি.এস. পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০০১ সালের ২৮ মে প্রশাসন ক্যাডারে যোগদান করেন। তিনি লক্ষীপুর কালেক্টরেটে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে এবং নারায়ণগঞ্জ কালেক্টরেটে সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, জেলা নির্বাচন অফিসার (অতিরিক্ত দায়িত্ব হিসেবে) ও নেজারত ডেপুটি কালেক্টরের দায়িত্ব পালন করেন। তিনি চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে ২০০৮ সালের জাতীয় সংসদ ও ২০০৯ সালের উপজেলা নির্বাচনে সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করেন। তিনি ২০০৯ সালের নভেম্বর থেকে প্রায় পাঁচ বছর বিদ্যুৎ বিভাগে সিনিয়র সহকারী সচিব হিসেবে কর্মরত ছিলেন। এরপর ফরিদপুর জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) হিসেবে দায়িত্ব পালনকালে ২০১৫ সালের ৬ এপ্রিল উপ-সচিব পদে পদোন্নতি লাভ করেন। এরপর তিনি ২০১৫ সালের জুন মাস থেকে স্থানীয় সরকার বিভাগের জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের সিস্টেম এনালিস্ট পদে ০১ বছরের অধিককাল দায়িত্ব পালন শেষে ০২ আগস্ট, ২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের উপ-সচিব হিসেবে যোগদান করেন।

জনাব মোঃ আনোয়ারুল ইসলাম ব্যক্তিগত জীবনে বিবাহিত এবং এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক। তাঁর স্ত্রী বেগম নীলুফা আক্তার বি.সি.এস (ইকনমিক) ক্যাডারের সদস্য; বর্তমানে তিনি উপপ্রধান হিসেবে অর্থ বিভাগে কর্মরত আছেন।